



গণবিজ্ঞপ্তি

ক্ষতিকর ধোঁয়া নিঃসরণকারী যানবাহন নিষিদ্ধের বিষয়ে বিশেষ নির্দেশনা

- ❖ দেশে শুষ্ক মৌসুমে বায়ুদূষণের তীব্রতা বৃদ্ধি পায়। ঢাকাসহ পার্শ্ববর্তী এলাকায় বায়ুদূষণের অন্যতম উৎস হলো ক্ষতিকর ধোঁয়া নিঃসরণকারী যানবাহন। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৪৬(২) এবং বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি ৯(১) মোতাবেক যানবাহন থেকে মাত্রাতিরিক্ত ক্ষতিকর ধোঁয়া নিঃসরণ দণ্ডনীয় অপরাধ। এ পরিপ্রেক্ষিতে ক্ষতিকর ধোঁয়া নিঃসরণকারী যানবাহন ঢাকার রাস্তায় চলাচল বন্ধ করার জন্য যানবাহনের মালিকসহ সকলকে বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো।
- ❖ এ নির্দেশ অমান্য করে ক্ষতিকর ধোঁয়া নিঃসরণকারী যানবাহন রাস্তায় চালালে তাঁর বিরুদ্ধে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৪৬(২) ও বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি ৯(১) অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বায়ুদূষণ রোধ করি, সুস্থ ও সুন্দর জীবন গড়ি

জনস্বার্থে



পরিবেশ অধিদপ্তর

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (BRTA)